

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

আদেশ

তারিখ, ৩০শে অগ্রহায়ণ ১৪০১/১৪ই ডিসেম্বর ১৯৯৪

এস, আর, ও নং ৩৫১-আইন/৯৪-১০৮-নসক—যেহেতু জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড সম্মত হইয়াছেন যে, মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূর্ণক শুল্ক ধার্য করার নিমিত্তে Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড নং ৮৫০৪'৩৩'০০ এর বিপরীতে বর্ণিত ১০০ কেডিএ ইলেকট্রিক ট্রান্সফরমার এর ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০/১০ই জুন, ১৯৯৩ তারিখে জারীকৃত আদেশ এস, আর, ও নং ১০৪-আইন/৯৩/৬৮-নসক নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশে টেবিল এর কলাম (১) এ শিরোনাম সংখ্যা, (Heading No.) ৮৪'০৮ এবং এর বিপরীতে কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) ৮৪০৮'৯০'০০ এবং কলাম (৩) ও কলাম (৪) এর যথাক্রমে পঞ্চ সামগ্রীর বিবরণ ও

(৫৩২৭)

মূল্য: টাকা ১.০০

ট্যারিফ মূল্যের পর ষষ্ঠক্রমে নিম্নবিনীত শিরনামা সংখ্যা (Heading No.), সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code), পণ্য সামগ্রীর বিবরণ ও ট্যারিফ মূল্য সন্নিবেশিত হইবে, যথা :—

“৮৫’ ০৪	৮৫০৪.৩৩.০০	১০০ কেভিএ বৈদ্যুতিক ট্রান্সফরমার	প্রতিটি ৯৮,০০০.০০ (আটানব্বই হাজার)
---------	------------	-------------------------------------	---------------------------------------

মোঃ জহুরুল হক
প্রথম সচিব (মুসক)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।